

JADAVPUR VIDYAPITH

ESTD.: 1957

(Govt. Sponsored Co-educational H.S. School)

Index No.: A3-037 • HS Code : 101125

DISE Code : 19170109529

e-mail : vidyapithjadavpur@gmail.com / headmasterjv@gmail.com

Website : www.jadavpurvidyapith.in

188, Raja Subodh Chandra Mallick Road, P.O.: Jadavpur University, Kolkata - 700 032

Phone : 033-2414 0746 / 97481 50347



From : Secretary & Headmaster

Memo No.: JVIN / 73 / 2026



Date : 10/06/2026

এতদ্বারা যাদবপুর বিদ্যাপীঠের সকল ছাত্র-ছাত্রীকে অত্যন্ত কঠোরভাবে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের শৃঙ্খলা ও পবিত্রতা রক্ষা করা প্রতিটি শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের মূল ভিত্তিই হলো তার কঠোর শৃঙ্খলাপরায়ণতা এবং নিয়মানুবর্তিতা। সাম্প্রতিক কিছু অনভিপ্রেত ও উশৃঙ্খল ঘটনা বিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বিদ্যালয়ের গৌরবময় ঐতিহ্য ও নিরাপদ পরিবেশ অক্ষুণ্ণ রাখতে নিম্নলিখিত নির্দেশনাবলী জারি করা হলো। এই নিয়মসমূহ অমান্য করলে কোনো প্রকার শিথিলতা দেখানো হবে না এবং তাৎক্ষণিক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে:

১. শৃঙ্খলারক্ষা ও শিক্ষার্থীর সক্রিয় দায়িত্ব:

- বিদ্যালয়ের অভ্যন্তরে ও বাইরে শৃঙ্খলা বজায় রাখতে ছাত্র-ছাত্রীদের নিজেদেরই সবচেয়ে বেশি সচেতন হতে হবে।
- ক্লাসরুম, করিডোর, খেলার মাঠ, ল্যাবরেটরি, পাঠাগার, মিড ডে মিলের খাওয়ার জায়গায় কিংবা বিদ্যালয় চত্বরে —সর্বত্রই কঠোরভাবে নিয়মানুবর্তিতা মেনে চলতে হবে।
- কোনো সহপাঠীর মধ্যে উশৃঙ্খলতা বা নিয়মভঙ্গের প্রবণতা দেখলে তা প্রশ্রয় দেওয়া যাবে না; বরং তৎক্ষণাৎ তা প্রতিরোধ করতে হবে এবং কর্তৃপক্ষকে জানাতে হবে।

২. আচরণ, শিষ্টাচার ও বুলিং-এর বিরুদ্ধে কঠোর অবস্থান:

- কোনো সহপাঠীকে কোনো অবস্থাতেই বুলিং (Bullying), উপহাস, বডি শেমিং, ব্যক্তিগত বা রাজনৈতিক আক্রমণ এবং কোনো প্রকার অসম্মানজনক মন্তব্য করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- বিদ্যালয়ের ভেতরে ও বাইরে সর্বদা মার্জিত ও ভদ্র ভাষা ব্যবহার করতে হবে। কটু কথা, আপত্তিকর আচরণ কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে (Social Media) বিদ্যালয় ও সহপাঠীদের জড়িয়ে কোনো রূপ নেতিবাচক পোস্ট বা মন্তব্য করলে তা গুরুতর ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৩. সহিংসতা বিরুদ্ধে 'শূন্য সহনশীলতা' (Zero Tolerance):

- বিদ্যালয় চত্বর বা এর আশেপাশে কোনো রূপ মারধর, ধাক্কাধাক্কি, দলবদ্ধ দলাদলি, গ্যাং কালচার বা শারীরিক সংঘর্ষে লিপ্ত হওয়া যাবে না।

P.T.O →


Headmaster
Jadavpur Vidyapith
Kolkata-700 032



JADAVPUR VIDYAPITH

ESTD.: 1957

(Govt. Sponsored Co-educational H.S. School)

Index No.: A3-037 • HS Code : 101125

DISE Code : 19170109529

e-mail : vidyapithjadavpur@gmail.com / headmasterjv@gmail.com

Website : www.jadavpurvidyapith.in

188, Raja Subodh Chandra Mallick Road, P.O.: Jadavpur University, Kolkata - 700 032

Phone : 033-2414-6746 / 97481 50347

From : Secretary & Headmaster

Memo No.: JVI/N/73/2026

2nd Page



Date : 10/06/2026

• একে অপরের শারীরিক ও মানসিক সুস্থতার প্রতি সম্মান প্রদর্শন করা সবার মৌলিক কর্তব্য। কোনো ধরনের সহিংসতাকে বিদ্যালয় কর্তৃপক্ষ বিন্দুমাত্র ক্ষমা করবে না।

৪. অভিযোগ জানানোর সঠিক প্রাতিষ্ঠানিক নিয়ম:

কোনো শিক্ষার্থী সমস্যার সম্মুখীন হলে বা উশৃঙ্খল আচরণের শিকার হলে, নিজেরা কোনো বিবাদে না জড়িয়ে বা আইন নিজের হাতে না তুলে, সঠিক ভাবে নিচের ধাপগুলো অনুসরণ করবে:


• ধাপ ১: বিষয়টি অবিলম্বে নিজের শ্রেণি শিক্ষকের (Class Teacher) নিকট মৌখিক বা লিখিতভাবে জানাতে হবে।

• ধাপ ২: শ্রেণি শিক্ষকের স্তরে সমাধান না হলে, তাঁর মাধ্যমেই বিষয়টি সহ-প্রধান শিক্ষকের (AHM) নিকট নিয়ে যেতে হবে।

• ধাপ ৩: উপরোক্ত দুই স্তরে সুরাহা না হলেই কেবল প্রধান শিক্ষক মহাশয়ের নিকট সরাসরি লিখিত আবেদন করা যাবে।

চূড়ান্ত সতর্কবার্তা: শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতাই শিক্ষার্থীর ভবিষ্যৎ গঠনের চাবিকাঠি। মনে রাখবে, বিদ্যালয়ের নিয়মের উর্ধ্বে কেউ নয়। এই নির্দেশিকা অমান্যকারী শিক্ষার্থীর বিরুদ্ধে বিদ্যালয় কর্তৃপক্ষ যথোপযুক্ত শাস্তি মূলক ব্যবস্থা সহ যেকোনো কঠোর পদক্ষেপ গ্রহণ করতে দ্বিধা করবে না।

একটি সুন্দর ও আদর্শ শিক্ষাজন বজায় রাখতে সকলের - ছাত্র ছাত্রী , শিক্ষক - শিক্ষিকা - শিক্ষাকর্মী , অভিভাবক - অভিভাবিকা - সুদৃঢ় সচেতনতা ও সহযোগিতা একান্ত কাম্য।

 10/06/2026
প্রধানশিক্ষক

যাদবপুর বিদ্যাপীঠ

Partha Pratim Baidya
Headmaster
Jadavpur Vidyapith
Kolkata- 700 032